

যুগান্তর

এইচএসসি ও সমমান পরীক্ষা

পঞ্চম দিনে অনুপস্থিত ৬৯০৭ বহিষ্কার ১৬ জন

যুগান্তর প্রতিবেদন

২৮ আগস্ট ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

এইচএসসি ও সমমানের পরীক্ষার পঞ্চম দিনে ৯টি শিক্ষা বোর্ডে অনুপস্থিত ছিল ৬ হাজার ৯০৭ পরীক্ষার্থী। এদিন অনুপস্থিতির হার শূন্য দশমিক ৬৭ শতাংশ। এছাড়া অসদুপায় অবলম্বনের দায়ে ১৬ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রোববার শিক্ষা মন্ত্রণালয়ের কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। তবে মাদ্রাসা ও কারিগরি বোর্ডের পরীক্ষার অনুপস্থিত ও বহিষ্কারের তথ্য জানানো হয়নি। এদিন ৮টি শিক্ষাবোর্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রাকৃতিক দুর্যোগের কারণে স্থগিত হওয়া চট্টগ্রাম শিক্ষাবোর্ডে রোববার প্রথম পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই শিক্ষাবোর্ডে বাংলা প্রথম পত্রের পরীক্ষা হয়। এতে অনুপস্থিত ছিল ৪৪৫ পরীক্ষার্থী।

এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের তথ্যানুযায়ী, বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে কুমিল্লা শিক্ষাবোর্ডে চারজন, ময়মনসিংহ বোর্ডে তিনজন, বরিশাল বোর্ডে ছয়জন, ঢাকা, যশোর ও দিনাজপুর বোর্ডে একজন করে পরীক্ষার্থী রয়েছে। এদিন পরীক্ষার দায়িত্বে থাকা এক পরিদর্শককেও বহিষ্কার করা হয়।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

